# পশ্চিমবঙ্গে পরিবর্তন ঘিরে সতর্ক ঢাকা, পুশইন হলে কঠোর জবাব: পররাষ্ট্রমন্ত্রী



পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান। ছবি: সংগৃহীত

পশ্চিমবঙ্গে রাজনৈতিক পালাবদলের পর সীমান্তে ‘পুশইন’ পরিস্থিতি তৈরি হতে পারে—এমন আশঙ্কায় সতর্ক অবস্থানে রয়েছে ঢাকা। এ ধরনের কোনো ঘটনা ঘটলে বাংলাদেশ প্রয়োজনীয় প্রতিক্রিয়া জানাতে প্রস্তুত বলে জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান।

মঙ্গলবার (৫ মে) দুপুরে রাষ্ট্রীয় অতিথি ভবন পদ্মায় সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি বলেন, সীমান্ত পরিস্থিতির ওপর সরকার নিবিড় নজর রাখছে। বিশেষ করে পশ্চিমবঙ্গে পরিবর্তনের প্রভাব সীমান্তে পড়লে তা গুরুত্বের সঙ্গে বিবেচনা করা হবে।

তিনি স্পষ্ট করে বলেন, জোরপূর্বক কাউকে সীমান্ত পার করে দেওয়ার মতো ঘটনা ঘটলে বাংলাদেশ তা মেনে নেবে না। এমন পরিস্থিতিতে দ্রুত ও উপযুক্ত ব্যবস্থা নেওয়া হবে বলেও তিনি উল্লেখ করেন।

এছাড়া, তিনি জানান, আগামী জুনের মধ্যে প্রধানমন্ত্রীর চীন সফরের সম্ভাবনা রয়েছে। সফরকে সামনে রেখে দুই দেশের মধ্যে সময়সূচি সমন্বয়ের কাজ চলছে, যেখানে তিস্তা মহাপরিকল্পনা গুরুত্বপূর্ণ আলোচ্য বিষয় হিসেবে থাকবে।